বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশন

BANGLADESH TAEKWONDO FEDERATION

গঠনতন্ত্র (CONSTITUTION)

কক্ষ নং ৮৭, শেরে বাংলা জাতীয় ষ্টেডিয়াম
মিরপুর-২, ঢাকা-১২১৬।

Bangladesh Taekwondo Federation Dhaka

খন্দকার আনোয়ারুল ইসলাম
পরিচালক (ক্রীড়া), জাতীয় ক্রীড়া পরিষদ
ও
সদস্য সচিব
গঠনতন্ত্র পরীক্ষা-নিরীক্ষা

মুকুল ইসলাম রানা
সম্পাদক

বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশন

গঠনতন্ত্র (Constitution)

সূচীপত্র

	বিষয়	পৃষ্ঠা
১। অনুচ্ছেদ - ১ঃ	শিরোনাম ও এলাকা	১
২। অনুচ্ছেদ - ২ঃ	সংজ্ঞা	১
৩। অনুচ্ছেদ - ৩ঃ	পতাকা ও প্রতীক	১
৪। অনুচ্ছেদ - ৪ঃ	সদর দপ্তর	২
৫। অনুচ্ছেদ - ৫ঃ	ফেডারেশনের লক্ষ্য ও উদ্দেশ্য	২
৬। অনুচ্ছেদ - ৬ঃ	এফিলিয়েটেড সংস্থাসমূহ	৩-৪
৭। অনুচ্ছেদ - ৭ঃ	সাধারণ পরিষদ	৪-৫
৮। অনুচ্ছেদ - ৮ঃ	সাধারণ পরিষদের সভা	৬
৯। অনুচ্ছেদ - ৯ঃ	সাধারণ পরিষদের সদস্য পদ বাতিল	৭
১০। অনুচ্ছেদ - ১০ঃ	নির্বাহী পরিষদ	৭
১১। অনুচ্ছেদ - ১১ঃ	নির্বাহী পরিষদের কর্মকর্তাদের দায়িত্ব ও কর্তব্য	৯-১১
১২। অনুচ্ছেদ - ১২ঃ	উপ-কমিটি	১১
১৩। অনুচ্ছেদ - ১৩ঃ	নির্বাহী পরিষদের সদস্য পদ শূন্য/বাতিল/পুনঃপ্রাপ্তি	১২
১৪। অনুচ্ছেদ - ১৪ঃ	ফেডারেশনের হিসাব নিরীক্ষা ও কার্যক্রম	১৩
১৫। অনুচ্ছেদ - ১৫ঃ	তহবিল সংগ্রহ ও পরিচালনা	১৩
১৬। অনুচ্ছেদ - ১৬ঃ	খেলোয়াড় কল্যাণ তহবিল	১৩
১৭। অনুচ্ছেদ - ১৭ঃ	অর্থ বছর	১৩
১৮। অনুচ্ছেদ - ১৮ঃ	দেশে-বিদেশে প্রতিযোগিতায় অংশগ্রহণ/যোগ্যতা	১৪
১৯। অনুচ্ছেদ - ১৯ঃ	প্রশিক্ষণ ও উন্নয়ন সংক্রান্ত বিষয়াদি	১৫
২০। অনুচ্ছেদ - ২০ঃ	বাৎসরিক ক্রীড়াপঞ্জী	১৫
২১। অনুচ্ছেদ - ২১ঃ	শৃঙ্খলা/শাস্তি/আইনগত ব্যবস্থা/আরবিট্রেশন	১৫-১৬
২২। অনুচ্ছেদ - ২২ঃ	গঠনতন্ত্র সংশোধন/ব্যাখ্যা	১৬
২৩। অনুচ্ছেদ - ২৩ঃ	নির্বাচন বিধিমালা	১৭

Bangladesh Taekwondo Federation Dhaka

মাহমুদুল ইসলাম রানা
সাধারণ সম্পাদক
বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশন

গঠনতন্ত্র

বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশন

Bangladesh Taekwondo Federation

অনুচ্ছেদ-১ ঃ শিরোনাম ও এলাকা

দেশে কোরিয়ান ঐতিহ্যবাহী মার্শাল আর্ট তায়কোয়ানডোর বিকাশ, উন্নয়ন, প্রচার, প্রসার, প্রশিক্ষণ ও প্রতিযোগিতার মাধ্যমে শরীর মনকে সুস্থ রাখা এবং আত্মরক্ষার কলাকৌশলরূপে খেলাধুলার মাধ্যমে শিশু, কিশোর, যুবক-যুবমহিলাদের নৈপুণ্য ও আকাঙ্ক্ষার সমন্বয় সাধনের জন্য পরম করুণাময় আল্লাহর নাম স্মরণ করে এই গঠনতন্ত্র রচিত হলো। এই খেলা বর্তমান বিশ্বে একটি বৈজ্ঞানিক, অত্যাধুনিক ও দ্রুত প্রয়োগশীল খেলা হিসেবে পরিচিত যা বাংলাদেশ অলিম্পিক, বিশ্ব অলিম্পিক, সাফ, এশিয়ান ও আন্তর্জাতিকভাবে খ্যাত ও স্বীকৃত খেলা। তায়কোয়ানডো খেলা দেশের সকল শ্রেণীর মানুষকে সুশৃংখল বাহিনী হিসেবে দেশ গড়ার কারিগররূপে তৈরী করতে সাহায্য করবে। সমগ্র বাংলাদেশের সকল শ্রেণীর মানুষের কল্যাণ সাধনকল্পে বাংলাদেশের সকল অঞ্চল এই গঠনতন্ত্রের আওতাধীন থাকবে। সেই আকাঙ্ক্ষা এর গঠনতন্ত্রে অনুচ্ছেদের মাধ্যমে নিম্নে প্রতিফলিত হয়েছে।

অনুচ্ছেদ-২ঃ সংজ্ঞা

২.১ 'ফেডারেশন' বলতে বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশন এবং সংক্ষেপে বি,টি,এফ বুঝাবে।

২.২ 'সদস্য' বলতে বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশন কর্তৃক স্বীকৃত জেলা ক্রীড়া সংস্থা, সার্ভিসেস দল ও অনুমোদিত ক্লাব বা সংস্থাকে বুঝাবে।

২.৩ 'নির্বাহী পরিষদ' বলতে বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশনের কার্যনির্বাহী পরিষদকে বুঝাবে।

২.৪ কোন পুরুষ/মহিলা বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশন এবং ডব্লিউ, টি, এফ-এর নিয়মানুযায়ী তায়কোয়ানডো খেললে তাকে 'তায়কোয়ানডো খেলোয়াড়' বুঝাবে।

২.৫ 'সাধারণ পরিষদ' বলতে ফেডারেশন অধিভুক্ত সব সংস্থার সমন্বয়ে গঠিত পরিষদকে বুঝাবে এবং এই পরিষদের সদস্যদের নির্বাচনে ভোটাধিকার থাকবে।

Bangladesh Taekwondo Federation Dhaka

অনুচ্ছেদ-৩ঃ পতাকা ও প্রতীক

৩.১ জাতীয় ক্রীড়া পরিষদের অনুমোদন সাপেক্ষে অত্র ফেডারেশনের নিজস্ব পতাকা থাকবে, যাহা সাধারণ পরিষদ কর্তৃক অনুমোদিত হবে।

আহমুদুল ইসলাম রানা
সাধারণ সম্পাদক
তায়কোয়ানডো ফেডারেশন

অনুচ্ছেদ-৪ঃ সদর দপ্তর

বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশনের সদর দপ্তর রাজধানী ঢাকা মহানগরীতে অবস্থিত হবে।

অনুচ্ছেদ-৫ঃ ফেডারেশনের লক্ষ্য ও উদ্দেশ্য

৫.১ বাংলাদেশে তায়কোয়ানডো খেলার প্রচার, প্রসার, সমন্বয় ও নিয়ন্ত্রণ বজায় থাকবে।

৫.২ তায়কোয়ানডো খেলার মান আন্তর্জাতিক পর্যায় উন্নীত করা।

৫.৩ বাংলাদেশে তায়কোয়ানডো খেলোয়াড়দের খেলোয়াড়সুলভ মনোভাব সৃষ্টি করা।

৫.৪ আঞ্চলিক ও আন্তর্জাতিক ফেডারেশন/সংশ্লিষ্ট জেলা ও অন্যান্য সংস্থার সাথে যোগাযোগ স্থাপন ও স্বীকৃতি লাভ/প্রদান।

৫.৫ গঠনতন্ত্র মোতাবেক বিধি/উপ-বিধি প্রণয়ন ও প্রয়োজনে গঠনতন্ত্র বহির্ভূত আইন প্রণয়ন।

৫.৬ প্রবীণ ও খ্যাতনামা খেলোয়াড়দের স্মৃতি রক্ষা করা।

৫.৭ আঞ্চলিক, আন্তর্জাতিক, জাতীয় ও অন্যান্য প্রতিযোগিতার ব্যবস্থা করা।

৫.৮ আঞ্চলিক, আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করা।

৫.৯ সংস্থা ও ক্লাবসমূহকে সংশ্লিষ্ট খেলার বিষয়ে স্বীকৃতি দান।

৫.১০ দেশব্যাপী ব্যাপক তায়কোয়ানডো প্রশিক্ষণের ব্যবস্থা করা।

৫.১১ তায়কোয়ানডো খেলার উপর বই, পত্রিকা, স্মরণিকা, সাময়িকী প্রকাশ ও গ্রন্থাগার স্থাপন করা।

৫.১২ বিভিন্ন খেলাধুলা অথবা আন্তর্জাতিক খেলার ব্যবস্থা করে অর্থ সংগ্রহ করা।

৫.১৩ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে তায়কোয়ানডো খেলার উপর সেমিনার ও সিম্পোজিয়াম, আলোচনা, শিবির ইত্যাদির আয়োজন করা।

Bangladesh Taekwondo Federation Dhaka

মাহমুদুল ইসলাম রানা
সাধারণ সম্পাদক
তায়কোয়ানডো ফেডারেশন

৫.১৪ এফিলিয়েটেড ক্রীড়া সংস্থা/সংগঠন/ক্রীড়াবিদদের মধ্যে শৃঙ্খলার নিশ্চয়তা বিধান করা এবং মতবিরোধ দূরীকরণের সহায়তা করা।

৫.১৫ বিভিন্ন কমিটি ও উপ-কমিটি গঠন এবং তাদের কাজের পরিধি সুনির্দিষ্ট করে দেয়া।

৫.১৬ তায়কোয়ানডো ফেডারেশনের প্রতিষ্ঠাতা/প্রধান প্রশিক্ষক/প্রশিক্ষকগণ /কর্মকর্তা যাঁদের অবদান/অক্লান্ত পরিশ্রমে ফেডারেশন গঠিত/উন্নতি/ অগ্রগতি সাধিত হয়েছে তাঁদের স্মৃতি/ছবি ফেডারেশন কার্যালয়ে প্রদর্শনের ব্যবস্থা করা।

৫.১৭ উপরে বর্ণিত আইনের সহায়ক হতে পারে এমন প্রয়োজনীয় অন্যান্য কার্যবিধি সমাপন ও বাংলাদেশ সরকার এবং সংশ্লিষ্ট জাতীয়/ আন্তর্জাতিক সংস্থার নির্দেশাবলী সংগ্রহকরণ।

৫.১৮ তায়কোয়ানডো বাংলাদেশ দলের বিদেশে অথবা দেশে আন্তর্জাতিক প্রতিযোগিতার জন্য দল বাছাই ও গঠন এবং অনুশীলনের ব্যবস্থা করা এবং আর্থিক অনুদান সংগ্রহ করা।

৫.১৯ অনুমোদিত সংস্থাসমূহের সদস্যদের প্রতিযোগিতা অনুষ্ঠানের অনুমোদন ও সহযোগিতা করা।

৫.২০ দেশব্যাপী তায়কোয়ানডো খেলোয়াড়, রেফারি ও কোচদের প্রশিক্ষণের ব্যবস্থা করা।

৫.২১ ফেডারেশনের স্বার্থে সম্পত্তি সংগ্রহ, সংরক্ষণ ও প্রয়োজনে বিলি করা।

৫.২২ দরিদ্র/মেধাবী/প্রতিবন্ধী / সংগঠক / রেফারি / প্রশিক্ষকগণকে আর্থিক সাহায্য ও পুনর্বাসনের ব্যবস্থা করা।

৫.২৩ ফেডারেশনের সাথে সংযুক্ত ক্রীড়া সংস্থা/সংগঠনসমূহকে কারিগরি সাহায্য/মঞ্জুরী ও সুবিধাদি প্রদান।

অনুচ্ছেদ-৬ঃ সংযুক্ত (এফিলিয়েটেড) সংগঠনসমূহ

৬.১ জাতীয় পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ সাপেক্ষে নিম্নবর্ণিত সংস্থাসমূহকে বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশনের সাথে সরাসরি সংযুক্ত থাকবেঃ

সাইফুল ইসলাম রনি
সাধারণ সম্পাদক
তায়কোয়ানডো ফেডারেশন

৬.১.১ বাংলাদেশ সেনাবাহিনী ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ড

৬.১.২ বাংলাদেশ নৌবাহিনী ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ড

৬.১.৩ বাংলাদেশ বিমান বাহিনী ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ড

৬.১.৪ বাংলাদেশ রাইফেলস্ ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ড

৬.১.৫ বাংলাদেশ পুলিশ ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ড

৬.১.৬ বাংলাদেশ রেলওয়ে ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ড

৬.১.৭ বাংলাদেশ আনসার ও ভিডিপি ক্রীড়া পরিষদ

৬.১.৮ প্রতিটি শিক্ষা বোর্ড

৬.১.৯ বিভাগীয় ক্রীড়া সংস্থাসমূহ

৬.১.১০ জেলা ক্রীড়া সংস্থাসমূহ

৬.১.১১ প্রতিটি বিশ্ববিদ্যালয়

৬.১.১২ বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

৬.১.১৩ ফেডারেশন কর্তৃক অনুমোদিত ক্লাবসমূহ।

৬.২ উপরোক্ত সংস্থাসমূহ (অনুচ্ছেদ ৬.১-এ বর্ণিত) ছাড়া অন্যান্য সংস্থা/সংগঠন যারা যে কোন চ্যাম্পিয়নশীপে অংশগ্রহণে আগ্রহী হবে তাদেরকে ফেডারেশনের অনুমোদন গ্রহণ করতে হবে।

৬.৩ ৬.১ এ উল্লেখিত সংস্থাসমূহ নির্বাহী পরিষদ নির্ধারিত এফিলিয়েশন ফি প্রদান করবে।

৬.৪ কোন সংস্থা এফিলিয়েশন ফি প্রদানে ব্যর্থ হলে তার এফিলিয়েশন বাতিল হবে। সেক্ষেত্রে বকেয়া ফি এবং নির্বাহী পরিষদ নির্ধারিত শাস্তি গ্রহণ পূর্বক এফিলিয়েশন নবায়ন করতে পারবে।

অনুচ্ছেদ-৭ঃ সাধারণ পরিষদ

৭.১ বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশনের সর্বোচ্চ কর্তৃপক্ষ হিসেবে একটি সাধারণ পরিষদ থাকবে।

৭.২ ৬.১-এর উল্লেখিত সংস্থাসমূহ সাধারণ পরিষদ সদস্য হতে পারবে। তবে এজন্য পরবর্তীতে বর্ণিত শর্তাবলী পূরণ করতে হবে।

মাহমুদুল ইসলাম রানা
সাধারণ সম্পাদক
বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশন

৭.৩ সাধারণ পরিষদ সদস্যের যোগ্যতা

৭.৩.১ বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশন কর্তৃক অনুমোদিত ক্লাব/ স্বায়ত্ত্বশাসিত সংস্থা/কর্পোরেশন/ইউনিট প্রতিনিধি হিসেবে সাধারণ পরিষদের সদস্য হতে পারবে।

৭.৩.২ বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশন কর্তৃক শাস্তি প্রদান ও বহিষ্কৃত ব্যক্তি সাধারণ পরিষদের সদস্য হতে পারবেন না।

৭.৩.৩ অনুচ্ছেদ ৬ এ বর্ণিত সংস্থাসমূহের প্রতিনিধি ফেডারেশনের বিধিবদ্ধ নীতি অনুসারে সাধারণ পরিষদের সদস্য হতে পারবে।

৭.৩.৪ রাষ্ট্র ও নিয়ম শৃঙ্খলা বিরোধী কাজে লিপ্ত ও সাজাপ্রাপ্ত/উন্মাদ ব্যক্তি সাধারণ পরিষদের সদস্য হতে পারবেন না।

৭.৩.৫ জাতীয় প্রতিযোগিতা বা এরূপ সমপ্রতিযোগিতায় দু'বার অংশগ্রহণ করেছে ঐ সকল জেলা ও বিভাগীয়/অন্যান্য সংস্থা ফেডারেশনের অনুমোদিত রেজিষ্ট্রিকৃত ক্লাব হতে অনধিক একজন প্রতিনিধি সাধারণ পরিষদে সদস্য হিসাবে প্রেরণ করতে পারবে।

৭.৩.৬ যে সকল সংস্থা ভোট দেয়ার অধিকার রাখে এমন সংস্থা হতে ভোট দেয়ার জন্য শুধুমাত্র একজন প্রতিনিধি প্রেরণ করতে পারবে। অত্র সংস্থাতে অবশ্যই তায়কোয়ানডো প্রতিনিধি কথাটি উল্লেখ থাকতে হবে। অন্যথায় তিনি ভোটার হিসাবে অযোগ্য বলে বিবেচিত হবেন।

৭.৩.৭ দেশের তিনজন বিশিষ্ট ক্রীড়া ব্যক্তিত্ব, সংগঠক ও দানশীল ব্যক্তিকে সাধারণ পরিষদের সদস্য হিসেবে জাতীয় ক্রীড়া পরিষদ মনোয়ন করবে।

৭.৩.৮ মহিলা ক্রীড়া সংস্থা কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি মহিলা ক্রীড়া সংস্থার প্রতিনিধিত্ব করবেন।

৭.৩.৯ ফেডারেশনের সর্বশেষ নির্বাচিত সাধারণ সম্পাদক সাধারণ পরিষদের সদস্য হবেন।

৭.৩.১০ বিশ্ব এবং এশিয়ান তায়কোয়ানডো ফেডারেশনের নির্বাহী কমিটিতে কার্যরত বাংলাদেশী প্রতিনিধি তাঁর কার্যকালীন সময় পর্যন্ত সাধারণ পরিষদের সদস্য থাকবেন।

Bangladesh Taekwondo Federation ★ Dhaka

সাধারণ পরিষদের কার্যকাল

বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশনের সাধারণ পরিষদের কার্যকাল ৪ বছর মেয়াদী হবে।

৭.৫ সাধারণ পরিষদের কার্যপরিধি

সাধারণ পরিষদ নিম্নবর্ণিত কার্য সমাধা করবেঃ

৭.৫.১ ফেডারেশনের জন্য বাৎসরিক বাজেট তৈরী, আয়-ব্যয় নির্ধারণ, পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা প্রদান।

ইসলাম [illegible] সম্পাদক [illegible] ফেডারেশন

৭.৫.২ গঠনতন্ত্র / বিধি / উপ-বিধি প্রণয়ন ও সংশোধন / পরিবর্তন / পরিবর্ধনে সহায়তা প্রদান।

৭.৫.৩ ফেডারেশনের কার্যক্রম বাস্তবায়ন / উন্নয়নের জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ।

৭.৫.৪ ফেডারেশনের বাৎসরিক আয়-ব্যয় সংক্রান্ত কার্যক্রমে সাহায্য করা।

৭.৫.৫ ফেডারেশন কর্তৃক আয়োজিত কর্মকান্ডে অংশগ্রহণ।

অনুচ্ছেদ-৮ ঃ সাধারণ পরিষদের সভা

৮.১ সাধারণভাবে বছরে সাধারণ পরিষদের একটি সভা অনুষ্ঠিত হওয়ার ব্যবস্থা নিতে হবে। তবে যে কোন অবস্থাতেই চার বছরে অন্তত দু'টি সভা অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে।

৮.২ বিশেষ প্রয়োজনে সভাপতি বছরের অন্যান্য সময়ে সাধারণ পরিষদের সভা আহ্বান করতে পারবেন।

৮.৩ সাধারণ পরিষদের দুই-তৃতীয়াংশ সদস্যের লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে সভাপতি সাধারণ পরিষদের সভা আহ্বান করবেন।

৮.২.১ **সাধারণ পরিষদের সভার আলোচ্যসূচী**

বাৎসরিক আয়-ব্যয়ের বাজেট প্রণয়ন, অর্থ সংগ্রহ, দেশে-বিদেশে প্রশিক্ষণ ও প্রতিযোগিতায় অংশগ্রহণ ভোট, সুবিধা-অসুবিধা, গঠনতন্ত্র সংশোধন, উপবিধি তৈরী, বার্ষিক ক্রীড়াপঞ্জী অনুমোদন, অডিট রিপোর্ট অনুমোদন, সাধারণ সম্পাদকের প্রতিবেদন পর্যালোচনাসহ বিবিধ বিষয়।

৮.২.২ **সভায় কোরাম**

সাধারণ সভায় কোরাম বলতে এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতি বুঝাবে।

৮.২.৩ **জরুরী ও মুলতবী সভা**

জরুরী বা গুরুত্বপূর্ণ বিষয়ে সাধারণ পরিষদের এক-তৃতীয়াংশ কর্তৃক লিখিত বক্তব্যের প্রেক্ষিতে সাধারণ পরিষদের জরুরী সভা অনুষ্ঠিত হবে। যদি সাধারণ পরিষদের সভা কোরামের জন্য অনুষ্ঠিত হতে না পারে সে ক্ষেত্রে যে কোন দিন মুলতবী সভা আহ্বান করা যাবে, তবে এ মুলতবী সভা আহ্বানের জন্য কোন কোরামের প্রয়োজন হবে না।

৮.২.৪ **সভার নোটিশ**

ক. এক মাসের নোটিশে সাধারণ পরিষদের সভা অনুষ্ঠিত হবে।

খ. জরুরী প্রয়োজনে বা গুরুত্বপূর্ণ কোন কারণে/সাধারণ পরিষদ সদস্যদের এক-তৃতীয়াংশ সদস্যের লিখিত বক্তব্যের আলোকে এ সভা যে কোন সময় ডাকা যাবে। সেক্ষেত্রে ১৫দিনের নোটিশ প্রদান করতে হবে।

অনুচ্ছেদ-৯ ঃ সাধারণ পরিষদের সদস্যপদ বাতিল

ক) যদি তিনি ফৌজদারী অপরাধে দন্ডিত হন;

খ) যদি তিনি ফেডারেশন কর্তৃক শৃঙ্খলামূলক বিষয়ে দন্ডিত হয়ে বহিষ্কৃত হন;

গ) বাংলাদেশের নাগরিকত্ব বাতিল হলে;

ঘ) অনুচ্ছেদ ৬-এ বর্ণিত সদস্যপদের ধারা ভঙ্গ করলে;

ঙ) কোন সদস্য পদত্যাগ করলে;

অনুচ্ছেদ-১০ ঃ নির্বাহী পরিষদ

ফেডারেশনের কার্যনির্বাহী পরিষদ ২৭ সদস্য বিশিষ্ট কর্মকর্তা/সদস্য দ্বারা গঠিত হবে।

১০.১ **কার্যনির্বাহী পরিষদ গঠন**

সভাপতি	১ জন
সহ-সভাপতি	৪ জন
সাধারণ সম্পাদক	১ জন
যুগ্ম-সম্পাদক	২ জন
কোষাধ্যক্ষ	১ জন
সদস্য/সদস্যা	১৮ জন
মোট ঃ	২৭ জন

১০.১.২ জাতীয় ক্রীড়া পরিষদ অধ্যাদেশ ২০ ধারা অনুযায়ী ফেডারেশনের সভাপতি সরাসরি সরকার কর্তৃক মনোনীত হবেন।

Bangladesh Taekwondo Federation Dhaka

মাহমুদুল হক চৌধুরী
সাধারণ সম্পাদক
বাংলাদেশ তায়াকোয়ান্দো ফেডারেশন

১০.১.৩ সভাপতি ব্যতীত সহ-সভাপতি হতে কার্যনির্বাহী পরিষদের অপরাপর সব কর্মকর্তা ও সদস্য সাধারণ পরিষদের সদস্যদের দ্বারা ভোটের মাধ্যমে নির্বাচিত হবেন।

১০.১.৪ তায়কোয়ানডো ফেডারেশনের কার্যনির্বাহী পরিষদের একজন মহিলা সদস্যপদ সংরক্ষিত থাকবে।

১০.১.৫ কার্যনির্বাহী পরিষদের কোন পদ শূন্য হলে সেক্ষেত্রে পরিষদ সাধারণ পরিষদের সদস্যদের মধ্য থেকে উক্ত পদ পূরণ করতে পারবে।

১০.১.৬ কার্যকরী পরিষদের সময়সীমা উত্তীর্ণ হওয়া সত্ত্বেও নির্বাচন অনুষ্ঠিত না হলে সেক্ষেত্রে সভাপতি সাধারণ সম্পাদকের সাথে আলোচনাক্রমে জাতীয় ক্রীড়া পরিষদের মাধ্যমে একটি অনধিক ১৫ (পনের) সদস্য বিশিষ্ট এডহক কমিটি তিনমাস সময়সীমার জন্য গঠন করবে এবং নির্বাচন সম্পন্ন করবে।

১০.২ <u>কার্যকরী পরিষদের সময়সীমা</u>

কার্যনির্বাহী পরিষদের সদস্যদের কার্যকালের মেয়াদ ফেডারেশনের নির্বাহী পরিষদের কর্মকর্তাদের কার্যকাল গ্রহণের সময় হতে ৪ (চার) বছর পর্যন্ত বলবৎ থাকবে। তবে জাতীয় ক্রীড়া পরিষদের সভাপতি প্রয়োজনে/গুরুতর সুনির্দিষ্ট কারণে কার্যকরী পরিষদের দু'-তৃতীয়াংশ সদস্যের মতামত গ্রহণ করে ফেডারেশনের কার্যকরী পরিষদ বাতিল ঘোষণা করতে পারেন।

১০.৩ <u>কার্যকরী পরিষদ সদস্যদের মনোনয়ন / নির্বাচন</u>

ক) গোপন ব্যালটের মাধ্যমে কার্যকরী পরিষদ সদস্যগণ প্রত্যক্ষ ভোটের মাধ্যমে নির্বাচিত হবেন।

খ) অনুচ্ছেদ ১০.১.১. ও ১০.১.৩ এবং ১০.১.৪ ব্যতীত সকলকেই নির্বাচনের মাধ্যমে নির্বাহী পরিষদের সদস্য হতে হবে।

১০.৪ <u>কার্যনির্বাহী পরিষদ কর্মকর্তাদের ক্ষমতা, দায়িত্ব ও কর্তব্য</u>

প্রতিযোগিতা, খেলাধুলা পরিচালনা, প্রশিক্ষণ, উন্নয়ন, টেকনিক্যাল বিষয়াদি সম্পন্ন, বাজেট প্রণয়ন, আয়-ব্যয় নির্ধারণ, অর্থ সংগ্রহ ইত্যাদি বিষয়ে ফেডারেশনকে সাহায্য-সহযোগিতা করবে। সাধারণ পরিষদ/নির্বাহী পরিষদ এর সিদ্ধান্ত বাস্তবায়ন করার জন্য নিজেদের নিয়োজিত করা।

<u>নির্বাহী কমিটির সভা ও কোরাম</u>

ফেডারেশনে তিন ধরনের সভা অনুষ্ঠিত হবে ঃ

ক) <u>বিশেষ সভা ঃ</u> সভাপতি বিশেষ প্রয়োজনে ৭ দিনের নোটিশে নির্বাহী পরিষদের সভা আহ্বান করতে পারবেন।

ক-১) <u>জরুরী ও অতিজরুরী সভা ঃ</u> ২৪ ঘন্টা এবং আরো কম সময়ের নোটিশে এ সভা আহ্বান করা যাবে।

সাহাবুদ্দিন ইসলাম রানা
সাধারণ সম্পাদক
তায়কোয়ানডো ফেডারেশন

আনোয়ারুল ইসলাম
ক্রীড়া পরিষদ

খ) **তলবী সভা** ঃ কার্যনির্বাহী পরিষদের সদস্যদের লিখিত আবেদনের প্রেক্ষিতে সভাপতি তলবী সভা আহ্বান করবেন। আবেদনের বিষয় ছাড়া অন্য কিছু এ সভায় আলোচনা হবে না।

গ) **মুলতবী বা স্থগিত সভা** ঃ যদি কার্যকরী পরিষদের কোন সভা কোরামের জন্য অনুষ্ঠিত হতে না পারে তা হলে উক্ত সভা যে কোন দিন আহ্বান করা যাবে, তবে এ মুলতবী সভায় কোরামের প্রয়োজন হবে না।

ঘ) **কোরাম** ঃ সভায় কোরাম বলতে এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতি বুঝাবে।

১০.৬ নির্বাহী পরিষদের দায়িত্বভার গ্রহণ

নতুন কার্যকরী পরিষদ ভোটের মাধ্যমে নির্বাচিত হওয়ার ১৫ দিনের মধ্যে দায়িত্বভার গ্রহণ করবে। এই সময়ের মধ্যে দায়িত্বভার গ্রহণে জটিলতা দেখা দিলে সভাপতি নিজ উদ্যোগে সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ করে দ্রুত দায়িত্বভার গ্রহণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

১১. নির্বাহী কমিটির কর্মকর্তা ও সদস্যদের ক্ষমতা, দায়িত্ব ও কর্তব্য

১১.১ সভাপতি

ক) তিনি কার্যনির্বাহী পরিষদের প্রধান হিসেবে গণ্য হবেন।

খ) ফেডারেশনের প্রধান হিসেবে ফেডারেশনের সকল কার্যক্রম পরিচালনা ও গঠনতন্ত্র মোতাবেক সকল দায়িত্ব পালন করবেন।

গ) ফেডারেশনের সভায় সভাপতিত্বের দায়িত্ব পালন করবেন।

ঘ) ফেডারেশনের কোন সিদ্ধান্তের পক্ষে-বিপক্ষে সমসংখ্যক ভোট হলে সভাপতি তাঁর সিদ্ধান্তমূলক ভোট দিতে পারবেন।

ঙ) জরুরী এবং গুরুত্বপূর্ণ কোন বিষয়ে তাৎক্ষণিক সিদ্ধান্তের প্রয়োজন হলে তা সাধারণ সম্পাদকের সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা ও সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন। তবে এরূপ সিদ্ধান্ত পরবর্তী কার্যনির্বাহী পরিষদের সভায় উত্থাপন ও অনুমোদন প্রয়োজন হবে।

চ) প্রয়োজনবোধে তাঁর কাজের আংশিক দায়িত্ব সহ-সভাপতিকে দিতে পারবেন।

ছ) কার্যনির্বাহী পরিষদের কোন পদ শূন্য হলে কার্যনির্বাহী পরিষদের অনুমোদনক্রমে অন্য কাউকে সদস্য হিসেবে মনোনীত করতে পারবেন। তবে তাঁকে অবশ্যই সাধারণ পরিষদের সদস্য হতে হবে।

১১.২ সহ-সভাপতি

ক) সভাপতির অনুপস্থিতিতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সভায় সভাপতির দায়িত্ব পালন করবেন।

Bangladesh Taekwondo Federation Dhaka

মাহমুদুল ইসলাম রানা
সাধারণ সম্পাদক
বাংলাদেশ ফেডারেশন

শব্দসংকলন আনোয়ারুল ইসলাম
পরিচালক (ক্রীড়া), জাতীয় ক্রীড়া

খ) সভাপতির অনুপস্থিতিতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সহ-সভাপতিগণ সহ-সভাপতির দায়িত্ব পালন করবেন। দায়িত্ব পালনকাল তিন মাসের উর্ধ্বে হলে জাতীয় ক্রীড়া পরিষদকে অবহিত করতে হবে।

১১.৩ **সাধারণ সম্পাদক**

ক) সভাপতির অনুমতিক্রমে সাধারণ পরিষদের সভা ও নির্বাহী পরিষদের সভা আহ্বান এবং এর কার্যবিবরণী লিপিবদ্ধ করবেন। উক্ত কার্যবিবরণী তিনি পরবর্তী সভায় অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করবেন।

খ) ফেডারেশনের সকল দলিলপত্রাদি, রেকর্ড এবং সম্পত্তির দায়-দায়িত্বের নিশ্চয়তা বিধান করবেন।

গ) ফেডারেশনের পক্ষে চিঠিপত্রের মাধ্যমে যোগাযোগ রক্ষা করবেন।

ঘ) নির্বাহী পরিষদ কর্তৃক অর্পিত সকল কার্য সমাধা করবেন।

ঙ) জরুরী খরচ মিটানোর জন্য তিনি নির্বাহী কমিটি কর্তৃক নির্ধারিত অর্থ ইমপ্রেষ্টমানি হাতে রাখতে পারবেন এবং খরচ শেষে সমন্বয় সাধন করবেন।

চ) সাধারণ সম্পাদক নির্বাহী পরিষদ কর্তৃক গঠিত সকল উপ-কমিটির পদাধিকার বলে সদস্য থাকবেন।

ছ) মাসিক কার্যবিবরণী তৈরী/সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও পরবর্তী সভায় পেশ করবেন।

জ) তিনি যুগ্ম-সম্পাদকের দায়িত্ব বন্টন করবেন।

১১.৪ **যুগ্ম-সম্পাদক**

সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে যুগ্ম-সম্পাদক-১, তার অনুমোদিত কার্যাবলী সাধারণ সম্পাদক কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করবেন। যুগ্ম-সম্পাদক-২, সাধারণ সম্পাদক কর্তৃক প্রদত্ত নির্দেশ মোতাবেক অর্পিত দায়িত্ব পালন করবেন।

১১.৫ **কোষাধ্যক্ষ**

ক। ফেডারেশনের যাবতীয় টাকা গ্রহণ এবং উক্ত টাকা তিনদিনের মধ্যে ফেডারেশনের ব্যাংক একাউন্টে জমা দিবেন।

খ। ফেডারেশনের সমস্ত আয়-ব্যয়ের হিসাবের দায়িত্ব পালন এবং তা কার্যনির্বাহী পরিষদের অনুমোদনের জন্য দাখিল করবেন।

Bangladesh Taekwondo Federation Dhaka

খন্দকার আনোয়ারুল ইসলাম
পরিচালক (ক্রীড়া), জাতীয় ক্রীড়া পরিষদ
ও
সদস্য সচিব
কমিটি

মাহমুদুল ইসলাম রানা
সাধারণ সম্পাদক
বাংলাদেশ কোয়ানডো ফেডারেশন

গ। প্রতি বছরের বাজেট তৈরী করে নির্বাহী পরিষদের অনুমোদনের জন্য পেশ করবেন।

ঘ। কোষাধ্যক্ষ মাসিক হিসাবের বিবরণী তৈরী করবেন ও অনুমোদনের জন্য পেশ করবেন।

১১.৬ <u>সদস্য</u>

ক। কার্যনির্বাহী পরিষদের সভায় উপস্থিত হয়ে সভার কাজ অনুমোদন/সুপারিশ করবেন।

খ। কার্যনির্বাহী পরিষদ কর্তৃক অর্পিত যে কোন দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করবেন।

গ। সভাপতি ও সাধারণ সম্পাদক কর্তৃক অর্পিত যে কোন দায়িত্ব পালন করবেন।

<u>অনুচ্ছেদ-১২ ঃ বিভিন্ন উপ-কমিটি গঠন</u>

নির্বাহী কমিটি বিভিন্ন খেলা, প্রশিক্ষণ এবং কার্যক্রমের জন্য প্রয়োজনীয় উপ-কমিটি গঠন পূর্বক তাদের কার্য পরিধি সহ বিস্তারিত নিয়মাবলী অনুমোদন করে দিবেন।

মাহমুদুল ইসলাম রানা
সাধারণ সম্পাদক
বাংলাদেশ তায়াকায়ানদো ফেডারেশন

Bangladesh Taekwondo Federation ★ Dhaka

অনুচ্ছেদ-১৩ ঃ নির্বাহী কমিটির সদস্যপদ শূন্য ও বাতিল

১৩.১ শূন্য হওয়ার কারণ

ক) মৃত্যুবরণ করলে।

খ) পদত্যাগ করলে।

গ) নির্বাহী পরিষদের সিদ্ধান্ত মোতাবেক সদস্যপদ বাতিল করলে।

ঘ) পাগল হলে।

ঙ) ফৌজদারী দন্ডবিধিতে দন্ডিত হলে।

১৩.২ বাতিল হওয়ার কারণ

ক) ফেডারেশনের নিয়ম বহির্ভূত কাজ করলে।

খ) কোন কারণ দর্শানো ব্যতীত ফেডারেশনের সভায় নিয়মিত পর পর ৩টি সভায় উপস্থিত না থাকলে।

গ) ফেডারেশনের কাজে সহযোগিতা না করলে।

ঘ) দলাদলি করলে।

ঙ) খেলাধুলায় পক্ষপাতিত্বমূলক আচরণ প্রমাণ হলে।

চ) নির্বাহী পরিষদ/সাধারণ পরিষদের সিদ্ধান্ত মোতাবেক সাহায্য সহযোগিতা না করলে।

মাহমুদুল ইসলাম রানা
সাধারণ সম্পাদক
[illegible] ফেডারেশন

সুন্দরকার আনোয়ারুল ইসলাম
[illegible] ক্রীড়া পরিষদ
ও
সদস্য সচিব
গঠনতন্ত্র পরীক্ষা-নিরীক্ষা কমিটি

Bangladesh Taekwondo Federation
Dhaka

১৩.২ শূন্য পদ পূরণ/পুনঃপ্রাপ্তি

ক) কোন সদস্যের সদস্য পদ বাতিল হলে ফেডারেশনের সভাপতি নির্বাহী কমিটির সভায় অনুমোদনের পর উক্ত পদ পূরণ করবেন।

খ) কোন ফেডারেশন সদস্যের উপর অনুচ্ছেদ ১৩.১-এর (গ), (ঙ) এবং ১৩.২ এর নিষেধাজ্ঞা থাকে এবং পরবর্তীতে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যাহার অথবা সদস্য নিজে সংশোধন পূর্বক সদস্য পদের জন্য পুনরায় আবেদন করেন এবং সেই আবেদন ফেডারেশন কর্তৃপক্ষ যদি গ্রহণ করেন তাহলে তিনি ফেডারেশনের সদস্যপদ পেতে পারেন।

অনুচ্ছেদ-১৪ ঃ ফেডারেশনের হিসাব নিরীক্ষা ও কার্যক্রমের বিবরণ

প্রতি বছর ১লা জুলাই হতে পরবর্তী বছরের ৩০শে জুন পর্যন্ত কোষাধ্যক্ষ সাধারণ সম্পাদকের সহায়তায় ফেডারেশনের বার্ষিক কার্যক্রম ও বাৎসরিক আয়-ব্যয়ের একটি হিসাব আর্থিক বছর শেষ হওয়ার ১৫ দিনের মধ্যে সাধারণ পরিষদ ও নির্বাহী পরিষদের অনুমোদনের জন্য পেশ করবেন। অনুমোদনের পর দেশের রেজিষ্টার্ড চাটার্ড একাউন্টেন্ট কর্তৃক হিসাব নিরীক্ষার ব্যবস্থা করে যথাযথ কর্তৃপক্ষের নিকট পেশ করবে।

অনুচ্ছেদ-১৫ ঃ তহবিল সংগ্রহ ও পরিচালনা

ক) সরকার, জাতীয় ক্রীড়া পরিষদ, বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন, বিদেশ হতে প্রাপ্ত অনুদান/সংস্থা পৃষ্ঠপোষক হতে প্রাপ্ত দান/চাঁদা/খেলার মাধ্যমে সংগৃহীত অর্থ/বিজ্ঞাপন, এফিলিয়েশন ফি, পরীক্ষার ফি, নবায়ন ফি, টীম এন্ট্রি ফি, খেলোয়াড় রেজিস্ট্রেশন বাবদ প্রাপ্ত অর্থ ফেডারেশনের তহবিল হিসাবে গণ্য হবে।

খ) ফেডারেশনের আয়-ব্যয় সংক্রান্ত সকল অর্থ বাংলাদেশের যে কোন সরকারী, আধা সরকারী/অনুমোদিত ব্যাংকে জমা রাখা হবে।

গ) সভাপতি, সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষের মধ্যে যে কোন দু'জনের যুগ্ম স্বাক্ষরে ফেডারেশনের ব্যাংক হিসাব পরিচালনা করা হবে।

অনুচ্ছেদ-১৬ ঃ খেলোয়াড় কল্যাণ তহবিল

ফেডারেশনের সাধারণ পরিষদ সদস্য/নির্বাহী সদস্য/বিশিষ্ট ব্যক্তি/ খেলোয়াড়/সরকারী, আধা-সরকারী সংস্থার দান/চাঁদা/বিজ্ঞাপন বাবদ আয় দ্বারা একটি খেলোয়াড় কল্যাণ তহবিল গঠিত হবে। এ অর্থ দুস্থ, মেধাবী, প্রতিবন্ধী, অসুস্থ খেলোয়াড়দের কল্যাণে ব্যয় করা হবে। খেলোয়াড় কল্যাণ তহবিল একটি কমিটির মাধ্যমে নির্বাহী পরিষদের সিদ্ধান্ত মোতাবেক পরিচালিত হবে।

অনুচ্ছেদ-১৭ ঃ অর্থ বৎসর

আর্থিক বছর বলতে ১লা জুলাই থেকে পরবর্তী বছরের ৩০শে জুন পর্যন্ত সময়কে বুঝাবে।

Taekwondo Federation Bangladesh Dhaka

অনুচ্ছেদ-১৮ঃ দেশে বিদেশে প্রতিযোগিতায়/অন্যান্য কার্যক্রম প্রশিক্ষণে অংশগ্রহণের যোগ্যতা/রেজিস্ট্রেশন

ক) প্রতিটি বিভাগ, জেলা, সংস্থা, ক্লাব, শিক্ষা প্রতিষ্ঠান/সকল সাধারণ পরিষদের সদস্যকে নির্ধারিত ২০০/= (দু'শত) টাকা প্রতি বছর ৩১শে জুলাইয়ের মধ্যে প্রদান করতে হবে। অন্যথায় তিনি/প্রতিষ্ঠান কোন কার্যক্রম/নির্বাচনে অংশগ্রহণ করতে পারবে না।

খ) ফেডারেশন সদস্যদের অবশ্যই তায়কোয়ানডো সংস্থার সদস্য হতে হবে।

গ) সার্ভিসেস ক্রীড়া সংস্থাসমূহ, বাংলাদেশ রাইফেলস্, বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ আনসার ও ভিডিপি-র খেলোয়াড়গণ কেবলমাত্র স্ব স্ব সংস্থায় কর্মরত খেলোয়াড়দের দ্বারাই গঠিত হবে এবং উক্ত খেলোয়াড়দের উপর ঐ সংস্থার পূর্ণ নিয়ন্ত্রণ বজায় থাকবে।

ঘ) অনুচ্ছেদ-৬.১.১, ৬.১.২ ও ৬.১.৩ এ-উল্লেখিত প্রতিষ্ঠানসমূহ তাদের কার্যক্রম শুধুমাত্র নিজ নিজ সংস্থার মধ্যে সীমাবদ্ধ রাখবে। কোন ক্লাব বা সংস্থার অন্তর্ভুক্তকারী কোন দল লীগ প্রতিযোগিতার আয়োজন করতে পারবে না। ইচ্ছা করলে প্রতি বছর আন্তঃবিশ্ববিদ্যালয়, আন্তঃকলেজ ও আন্তঃস্কুল প্রতিযোগিতার আয়োজন করতে পারবে, তবে কোনক্রমেই তা ফেডারেশনের নির্ধারিত গঠনতন্ত্র বহির্ভূত হতে পারবে না। উপরোক্ত সংস্থাত্রয় গঠনতন্ত্র অনুযায়ী ফেডারেশন কর্তৃক আয়োজিত আমন্ত্রণমূলক প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

ঙ) অনুচ্ছেদ-৬ এ উল্লেখিত বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্র/ছাত্রী দ্বারা গঠিত হবে এবং খেলোয়াড়দের উপর প্রতিষ্ঠানের পূর্ণ নিয়ন্ত্রণ থাকবে।

চ) যে কোন তায়কোয়ানডো খেলোয়াড়/ক্লাবের জন্য ফেডারেশন কর্তৃক পৃথক পৃথকভাবে রেজিস্ট্রেশন থাকতে হবে।

ছ) কোন তায়কোয়ানডো খেলোয়াড় একের অধিক ক্লাব/সমিতি কর্তৃক রেজিস্ট্রেশন হতে পারবে না এবং অন্য কোন মার্শাল আর্ট যেমন কারাতে, জুডো, কুংফু বা উসু খেলার সাথে তার কোন সংশ্রব থাকতে পারবে না। এরূপ খেলোয়াড়দের বিরুদ্ধে ফেডারেশন যে কোন শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারবে।

জ) রেজিষ্ট্রিকৃত খেলোয়াড় প্রতিষ্ঠানকে তায়কোয়ানডোর নিয়ম-কানুন মেনে চলার অঙ্গীকারাবদ্ধ থাকতে হবে।

ঝ) ফেডারেশনভুক্ত প্রতিটি সদস্য/ক্লাব/সংস্থা/প্রতিষ্ঠান বিদেশ সফরের পূর্বে দলের পূর্ণ তালিকা, জীবন বৃত্তান্ত/ছবি ফেডারেশনে ১ মাস পূর্বে প্রেরণ করতে হবে। এ ব্যাপারে অবশ্যই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ছাড়পত্র নিতে হবে।

ঞ) ফেডারেশন কর্তৃক গঠিত কমিটি বিদেশ সফর/প্রতিযোগিতার পূর্ণ নিয়ন্ত্রণ করবে।

মাহমুদুল ইসলাম রানা
সাধারণ সম্পাদক
তায়কোয়ানডো ফেডারেশন

Bangladesh Taekwondo Federation ★ Dhaka

ট) ফেডারেশনের কোন কর্মকর্তা যে কোন কারণে বিদেশ সফর/ প্রতিযোগিতায় অংশগ্রহণ শেষে ১৫ দিনের মধ্যে কর্মকর্তা/দলনেতাকে একটি রিপোর্ট নির্বাহী কমিটির নিকট পেশ করতে হবে।

ঠ) তায়কোয়ানডো প্রতিযোগিতা/বিদেশ সফরের পূর্বে ফেডারেশন যে সকল বিধি, উপ-বিধি প্রণয়ন করবে তা অবশ্যই সকলকে অনুসরণ করতে হবে।

ড) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/সংস্থা, জাতীয় দলে/প্রতিযোগিতায় নির্বাচিত খেলোয়াড়কে বিদেশ সফর/প্রদর্শনী ম্যাচ খেলার জন্য ছাড়পত্র দিতে বাধ্য থাকবে।

ঢ) দলের কর্মকর্তা/খেলোয়াড় ফেডারেশনের কার্যনির্বাহী পরিষদ/চীফ ইনস্ট্রাকটর কর্তৃক চূড়ান্ত করা হবে।

ণ) কোন সংস্থা/সমিতি অথবা সংশ্লিষ্ট খেলোয়াড় জাতীয় দলে নির্বাচিত হওয়ার পর কোন ন্যায় সংগত কারণ ব্যতীত প্রতিযোগিতায় অংশগ্রহণ/দলে যোগদান করতে বিরত থাকে তাহলে ফেডারেশনের নির্বাহী পরিষদ তার/দলের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

ত) ডব্লিউ,টি,এফ এবং ফেডারেশনের বিধি, উপ-বিধি মোতাবেক ফেডারেশন কর্তৃক আয়োজিত সকল প্রতিযোগিতা/খেলা পরিচালনা/প্রশিক্ষণ পরিচালিত হবে।

অনুচ্ছেদ-১৯ ঃ প্রশিক্ষণ ও উন্নয়ন সংক্রান্ত বিষয়াদি

ক) ফেডারেশনে একজন চীফ ইনস্ট্রাকটর বা প্রধান প্রশিক্ষক থাকবেন। তিনি নির্বাহী পরিষদের সিদ্ধান্ত মোতাবেক উন্নয়ন ও প্রশিক্ষণ সংক্রান্ত দায়িত্ব স্বাধীনভাবে পরিচালনা করবেন।

খ) তায়কোনায়ডো ফেডারেশনের কোচ, রেফারি ও অন্যান্য কর্মকর্তা/দল ফেডারেশনের বিনাঅনুমতিতে দেশে/বিদেশে কোন কার্যক্রম চালাতে পারবে না।

গ) ফেডারেশনের কোচ, রেফারি সংক্রান্ত নিয়োগের ক্ষেত্রে অবশ্যই নির্বাহী পরিষদ কর্তৃক সুপারিশের প্রয়োজন হবে।

ঘ) এফিলিয়েটেড সংস্থা/ক্লাবসমূহের সিলেবাসসহ যে কোন বেল্ট গ্রেডিং পরীক্ষা ও ফলাফল ফেডারেশনের প্রধান প্রশিক্ষক কর্তৃক অনুমোদিত ও প্রতি স্বাক্ষরিত হতে হবে।

অনুচ্ছেদ-২০ ঃ বাৎসরিক ক্রীড়াপঞ্জী

ফেডারেশন আর্থিক বছর শুরুতে বছরের কার্যক্রম, দেশে ও বিদেশ প্রতিযোগিতা, প্রশিক্ষণ ও উন্নয়নের উপর একটি ক্রীড়াপঞ্জী সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্বাহী পরিষদের অনুমোদনক্রমে প্রেরণ/বাস্তবায়ন করবে।

অনুচ্ছেদ-২১ ঃ সিদ্ধান্ত/শাস্তি/আরবিট্রেশন

ক) কোন ঘটনা বিধি বা নিয়ম-কানুন বা সমস্যাদি যদি গঠনতন্ত্রে উল্লেখ না থাকে তা হলে ফেডারেশনের কার্যনির্বাহী কমিটি যে সিদ্ধান্ত গ্রহণ করবে তাই চূড়ান্ত বলে গণ্য হবে।

সাধারণ সম্পাদক
তায়কোয়ানডো ফেডারেশন

খন্দকার আনোয়ারুল ইসলাম
পরিচালক (ক্রীড়া), জাতীয় ক্রীড়া

Bangladesh Taekwondo Federation
Dhaka

খ) ক্লাব/সংস্থা/সমিতি ও জেলাসমূহ হতে যে কোন খেলোয়াড়ের বিরুদ্ধে অপরাধমূলক কোন প্রতিবেদন কার্যকরী পরিষদের প্রেরণ করলে কার্যনির্বাহী পরিষদ প্রয়োজনবোধে ঐ খেলোয়াড়ের বিরুদ্ধে যে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে এবং ইহাই চূড়ান্ত বলে গণ্য করা হবে।

গ) প্রতিযোগিতায় অংশগ্রহণকারী যে কোন কর্মকর্তা/খেলোয়াড়/সমর্থক খেলা চলাকালীন ও পরে অথবা পূর্বে ফেডারেশনের কর্মকর্তা/সদস্যকে অপমান, অপদস্থ, গালাগালি, দলাদলি অথবা অসদাচরণ করে তাহলে অপরাধের গুরুত্ব মোতাবেক কার্যনির্বাহী পরিষদ অপরাধী/সংস্থা/ব্যক্তির বিরুদ্ধে প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে।

ঘ) বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশনের অধীনস্থ সকল নিবন্ধীকৃত সংস্থা/ খেলোয়াড়/প্রশিক্ষক/রেফারি/সমর্থক/কর্মকর্তা বা সংশ্লিষ্ট ব্যক্তি কোন বিতর্কিত বিষয়ে আদালতের শরণাপন্ন না হয়ে উভয়পক্ষের সম্মতিক্রমে সমঝোতা বা গ্রহণযোগ্য মধ্যস্থতাকারীর মাধ্যমে মীমাংসা করবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট খেলোয়াড় এসোসিয়েশন, জাতীয় ক্রীড়া পরিষদ অথবা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে মধ্যস্থতাকারী নির্বাচন করতে পারে। বিতর্কিত বিষয়ে মধ্যস্থতাকারীর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং কোন পক্ষই গৃহীত সিদ্ধান্ত সম্পর্কে প্রশ্ন উত্থাপন করবে না। দেশে প্রচলিত আইনের আওতায় এ ধরনের অধিকার থাকিলেও উক্ত ব্যক্তি/সংগঠন সেই অধিকার স্বেচ্ছায় পরিত্যাগ করেছে বলে ধরে নেয়া হবে।

অনুচ্ছেদ-২২ ঃ গঠনতন্ত্র সংশোধন/ব্যাখ্যা

ক) ফেডারেশনের গঠনতন্ত্রের কোন ধারা উপধারা প্রয়োজনে সংশোধন/পরিবর্তন/পরিবর্ধন করার জন্য নির্বাহী পরিষদের সভায় সংশোধনী উপস্থাপন ও অনুমোদনের পর বার্ষিক সাধারণ সভার সকল সদস্যকে সাধারণ পরিষদ সভার অন্তত ১৫ দিন পূর্বে নোটিশের মাধ্যমে প্রেরণ করা হবে। সাধারণ পরিষদ সভায় দু'-তৃতীয়াংশ সদস্য ভোটে পাস হওয়ার পর উহা গঠনতন্ত্রে সন্নিবেশ করা হবে।

খ) ফেডারেশনের টেকনিক্যাল কমিটি/চীফ ইনস্ট্রাকটর/সাধারণ সম্পাদক গঠনতন্ত্রের ধারা, উপধারা প্রয়োজনে পরিবর্তনের জন্য সুপারিশ/ব্যাখ্যা করবেন এবং নির্বাহী পরিষদের অনুমোদনের জন্য পেশ করবেন।

মাহবুবুল ইসলাম রানা
সাধারণ সম্পাদক
বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশন

Bangladesh Taekwondo Federation ★ Dhaka

অনুচ্ছেদ-২৩ ঃ নির্বাচন

ক) নিয়মিত চাঁদা প্রদানকারী প্রতিটি অনুমোদিত বিভাগ, জেলা, সংস্থা, ক্লাব, সার্ভিসেস ক্রীড়া সংস্থা, কর্পোরেশন, স্বায়ত্তশাসিত সংস্থা, বিশ্ববিদ্যালয় শিক্ষা বোর্ড ও প্রতিষ্ঠান নির্বাচনে অংশ নিতে পারবে।

খ) তত্ত্বাবধায়ক পরিষদ নির্বাচনের পূর্বে একটি ৩ সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করবেন। নির্বাচন কমিশন বিধিমালা প্রণয়ন, সিডিউল প্রদান, কাউন্সিলার চূড়ান্তকরণসহ যাবতীয় কার্যাদি সম্পন্ন করবে।

গ) ফেডারেশন ও জাতীয় ক্রীড়া পরিষদসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিয়মালোকে ১টি নির্বাচনী বাই-ল'-এর মাধ্যমে নির্বাচন অনুষ্ঠিত হবে।

ঘ) গঠনতন্ত্রের অনুচ্ছেদে যাহাই বর্ণনা থাকুক, নির্বাচন কমিশন প্রয়োজনে বার্ষিক সাধারণ সভা কিংবা বিশেষ সাধারণ সভা ব্যতিরেকে নির্দিষ্ট স্থানে ভোট আহ্বান পূর্বক নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করবে।





-সমাপ্ত-